O/C D.C.R.B Purba MDP

KOLAGHAT P.S. PURBA MEDINIPUR

W.B.P. Form No. 27

# FIRST INFORMATION REPORT

268

MP Case No - 48/2017

First Information of a cognizable crime reported under section154 Cr. P. C. at P.S.

1. Dist. Purba MDP Sub-Divn. Tamluk P.S. Kolaghat Year 2017 FIR NO. 218/17 Date 02.06.17
2. i) Act IPC Section 448/323/325/427/506/34 Sections
2. ii) Act Section iv) Other Act & Sections
3. a) General Diary Reference : Entry No. 1640 Time 17.15 hrs
   b) Occarrence of Offence : Day Fri Day & Saterday Date 12.05.17 at about Time 16.30h & 13.05.17 at about 8.30h.
   c) Information received Date 2.6.17 Time 17.15
   G.D. No. 1640 at the Police Station :
4. Type of Information. Written / Oral
5. Place of Occurrence a) Direction and Distrance from P.S. 12 K.M. North
   b) Address Mouza- Nandai Gagan, JL No-310, G.P- Bhogpur, Anchal- [illegible] Block P.S- Kolaghat Dist- Purba Medinipur
   c) In cash outside limit of this Police Station, then the name of P.S.
   District
6. Complaint /Informant :
   a) Name Mombaruna Bibi
   b) Father's / Husband's Name Saribul Khan
   c) Date/Year of Birth 20 yrs
   d) Nationality Indian
   e) Address Vill- Nandai Gagan P.O- Bhogpur P.S- Kolaghat Dist- Purba MDP

Details Known/Suspected/Unknown/Accused with full particulars 1) Sk Sajed S/o Lt. Sk Khalil (Attach separate sheet, if necessary) 2) Monu Hassan S/o- Sk Sajed 3) Sk Hamidul S/o- Sk Sajed 4) Sk Chottu S/o- Sk Sajed
Reasons for dealy in reporting by the Complaint/Informant: 5) Manuyara Bibi W/o- Sk Sajed 6) Saima Bibi W/o- Sk Mahammad All of Nandai Gagan P.O- Bhogpur P.S- Kolaghat, Purba Medinipur

Particular of properties stolen / involved : (Attach separete sheet, if required)

Total value of Properties stolen / involved :

Inquest report / U.D. Case No. if any :

FIR Contents : (Attach separate sheets, if required) The original Court Complaint vide MP No- 48/2017 which is treated as FIR is attached here with

Action taken : Since the above report reveals commission of offence (s) u/s 448/323/325/427/506/34 IPC

I SI Kashinath Chowdhury, O/C Kolaghat P.S. registered the case and ~~took up the investigation~~ / directed ASI Pijush Kanti Maity of Kolaghat P.S. to take up the investigation

transferred to P.S. on point of jurisdiction FIR read over to the Complainant / Informant, admitted to be correctly recorded and given to the Complainant/Informant free of cost.

Signature of the Officer-in-Charge Police Station with [signature] 2/6/17

Name SI KASHINATH CHOWDHURY

Rank O/C Kolaghat P.S.

Number if any 02-6.17

Officer-In-Charge Kolaghat Police Station Purba Medinipur

Signature / Thumb impression of Complainant / Informant

DR 4927/17

Filing no. 616/17
Regi. no. 52/17

In the court of Ld. Chief Judicial Magistrate, Purba Medinipur at Tamluk.

**M.P. Case No. 48 of 2017.**

**F.I.R.**

বাদীনি
মোমতারিন বিবি
(বয়স- ২০ বৎসর)
স্বামী- সরিফুল খাঁন
সাকিন- নন্দাইগাজন
পোঃ- ভোগপুর
থানা- কোলাঘাট
জেলা- পূর্ব মেদিনীপুর।

ব
না
ম

আসামীগন
১। সেক সাজেদ
পিতা- মৃত সেক খলিল
২। মানু হোসেন
পিতা- সেক সাজেদ
৩। সেক হামিদুল
পিতা- সেক সাজেদ
৪। সেক ছোট্টু
পিতা- সেক সাজেদ
৫। মানুয়ারা বিবি
স্বামী- সেক সাজেদ
৬। সাইমা বিবি
স্বামী- সেক মহম্মদ
সর্ব সাকিন- নন্দাইগাজন
পোঃ- ভোগপুর
থানা- কোলাঘাট
জেলা- পূর্ব মেদিনীপুর।

সাক্ষীগন
১। জাহানারা বিবি, স্বামী- মৃত সেক লালু খাঁ
২। সরিফুল খাঁ, পিতা- মৃত নাজিরুদ্দিন
সর্ব সাং- নন্দাইগাজন, পোঃ- ভোগপুর
থানা- কোলাঘাট, জেলা- পূর্ব মেদিনীপুর।
৩। পাইকপাড়ী ব্লক স্বাস্থ্য কেন্দ্রের ডাক্তার বাবু
৪। কোলাঘাট থানার পুলিশ অফিসার মহোদয়।
আরোও অনেকে।

Received on 2.06.17 at 17.15 hrs and started Kolaghat P.S. Case no. 218/17 Dtd. 2.6.17 u/s 448/323/325/427/506/34 IPC

Officer-In-Charge
Kolaghat Police Station
Purba Medinipur

**ঘটনার তারিখ ও সময়**
ইংরাজী- ১২/০৫/২০১৭, সময় প্রায়- বিকাল ৪.৩০ মিনিট নাগাদ
ইংরাজী- ১৩/০৫/২০১৭, সময় প্রায়- সকাল ৮.৩০ মিনিট নাগাদ

অধীন অভিযোগকারীনির বিনীত নিবেদন এই যে,—

১। অধীনি একজন শান্তিপ্রিয় গ্রাম্য গৃহবধূ হইতেছে। উপরোক্ত আসামীগন অত্যন্ত দুর্দান্তকারী, দাঙ্গাবাজ, কলহপ্রিয়, গুন্ডা প্রকৃতির এলাকার প্রভাবশালী ও আইনআমান্যকারী ব্যক্তিগন হইতেছে। মহিলা আসামীগন অত্যন্ত মুখরা, প্রখরা, ঝগড়াটে স্বভাবের হইতেছে।

২। আসামীগন অধীনার প্রতিবেশী হইলেও উহারা প্রায়শই এলাকায় গুন্ডামী কাজকর্ম করিয়া থাকে। অধীনার স্বামী প্রায় সময় কার্য্য সূত্রে বাড়ীর বাহিরে থাকিতে হয়।

পরবর্তী পৃষ্ঠায়

29 MAY 2017
Magistrate
Tamluk, Purba Medinipur

অধীনা সন্তান লইয়া বাড়িতে সুখে শান্তিতে বসবাস করিয়া থাকে। আসামীগন অধীনার স্বামীর অনুপস্থিতির সুযোগ লইয়া ঘটনার তারিখে ও সময়ে আসামীগন পূর্ব পরিপল্পিত ও পূর্ব আক্রোশ বশতঃ একযোগে হাতে লোহার রড়, কাটের বাটাম, বাঁশের ডাং ইত্যাদি অস্ত্রসস্ত্রে সজ্জিত হইয়া অধীনার বাড়ীর উঠানে আসিয়া অধীনাকে অধীনার স্বামীর নাম ধরিয়া অশ্লীল গালিগলাজ করিতে থাকে। অধীনা তাহার প্রতিবাদ করিলে সমুহ আসামীগন অধীনার চুলের মুঠি ধরিয়া অধীনাকে বাড়ী হইতে হিঁচড়াইতে হিঁচড়াতে বাহিরে আনিয়া মাটিতে আছাড় মারিয়া যে, যাহার মতো কিল, চড়, ঘুষি ও লাথি মারিতে থাকে। ১,৩ নং আসামী উক্ত সময় অধীনাকে লোহার রড় এবং কাঠের বাটাম দিয়া যথেচ্ছ ভাবে প্রহার করিতে থাকে।

৩। অধীনার চিৎকারে প্রতিবেশী লোকজন ছুটিয়া আসিলে আসামীগন থান ইট দিয়া অধীনার বাড়ীর কিছু টালী ভাঙিয়া নষ্ট করিয়া ঘটনাস্থল পরিত্যাগ করে। টালী ভাঙার ফলে অধীনার প্রায় ২,০০০ টাকার মত ক্ষতি সাধন হইয়াছে।

৪। পরবর্ত্তীকালে অধীনা ঘটনার বিষয় স্থানীয় গ্রামের শুভানুধ্যায়ী ব্যক্তিগনকে জানাইলে তাহারা একটি সুষ্ঠু মীমাংসার জন্য উক্ত দিনই সন্ধ্যায় মীমাংসা বসিলে উক্ত সভায় আসামীগন উপস্থিত হয় নাই।

৫। অধীনা ঘটনার বিষয় গ্রামের শুভানুধ্যায়ী ব্যক্তিগনকে জানাইবার কারনে সেই আক্রোশে পরদিন অর্থাৎ ইং- ১৩/০৫/২০১৭ তারিখ সময় সকাল ৮.৩০ মিনিট নাগাদ অধীনা যখন পুকুরের ঘাটে বাসন ধুইতে ছিলাম সেই সময় সমুহ আসামীগন পুণরায় অধীনাকে ঘাটে বাসন ধুইতে বাধা দেয়। অধীনা প্রতিবাদ করিলে আসামীয়গন অধীনার সমুহ বাসন লাথি মারিয়া পুকুরে ফেলে দেয় এবং অধীনাকে উক্ত স্থানে ফেলিয়া দিয়া যে যাহার মত কিল, চড়, ঘুষি ও লাথি মারিতে থাকে। ৪নং আসামীগ অধীনাকে প্রাণে মারিয়া ফেলিবার উদ্দেশ্যে অধীনার মাথা লক্ষ্য করিয়া পাথরের নুড়ি ছুড়িলে অধীনা কোন রকম মাথা সারাইয়া লইলে উক্ত আঘাত আধীনার নাকের বাম পাশে লাগে। এবং নাকের পাশে কাটিয়া গিয়া রক্তাক্ত জখম হয়। অধীনা যন্ত্রানায় কাতরাইতে কাতরাইতে উক্ত স্থানেই লুটিয়া পড়িলে তৎক্ষনাৎ অধীনার মৃত্যু সুনিশ্চিত করিবার

পরবর্ত্তী পৃষ্ঠায়

FILED
29 MAY 2017

জন্য ২ ও ৪ নং আসামীগন অধীনাকে পুকুরের জলে চোবাতে থাকে। সাক্ষীগনের চিৎকারে প্রতিবেশী লোকজন ঘটনাস্থলে উপস্থিত হইলে। আসামীগন পরে ফাঁকে পাইলে উচিত শিক্ষা দিবে বলিয়া হুমকী দিতে দিতে ঘটনাস্থল পরিত্যাগ করে।

৬। উক্ত মারধরের অধীনার সারা শরীরে ব্যাথা বেদনা ও ফোলা জখম হইয়াছে এছাড়াও উক্ত নাকের বাম পাশে আঘাতের ফলে কাটিয়া যায় উক্ত জখম অধীনি সাক্ষীগনের সহায়তায় স্থানীয় প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে যাইয়া ডাক্তার বাবুর নিকট চিকিৎসা করাই এবং ডাক্তারবাবু উক্ত জখম স্থানে দুটি স্টীচ করে। অদ্যাবধি অধীনার মাথার চিকিৎসা চলিতেছে।

৭। ঘটনার বিষয় অধীনা ইং- ১৩/০৫/২০১৭ তারিখে লিখিত ভাবে কোলাঘাট থানায় জানাইয়াছি যাহার জি.ডি. ইং নং ৬৬৩ তাং ১৩/০৫/২০১৭ হইতেছে এবং পরবর্ত্তী কালে গত ইং- ১৯/০৫/২০১৭ তারিখে ঘটনার বিষয় লিখিত ভাবে পূর্ব মেদিনীপুর জেলার পুলিশ সুপারকে মহোদয়কে জানাইয়াছি।

৮। ঘটনার বিষয়ে যথেষ্ট সাক্ষ্য প্রমান রহিয়াছে, যাহা মামলার সাক্ষ্যকালে বা তদন্ত কাকে বাচনিক ভাবে প্রকাশ পাইবে। থানা হইতে কোনরূপ প্রতিকার না পাওয়ার কারণে অধীন অদ্য হুজুরাদালতে মোকদ্দমা দায়ের করিতেছে।

৯। উপরোক্ত আসামীগন ভারতীয় দন্ডবিধি আইনের ১৪৭,১৪৮,৩৫৬, ৩২৩,৩২৪,৩২৫,৩০৭, ৪২৭, ৫০৬,৩৪ ধারা মতে অপরাধ করিয়াছে।

অতএব প্রার্থনা উপরোক্ত মতে, আসামীগনের উক্ত অপরাধের সত্যাসত্য নির্দ্ধারনের জন্য ফৌজদারী কার্যবিধি আইনের ১৫৬(৩) ধারা মতে O/C Kolaghat P.S. মহোদয়কে যথাযথ তদন্তের আদেশ দানে আজ্ঞা হয়।

নিবেদন

তাং- ২৩ /০৫/২০১৭